



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

তারিখঃ ২৭/০২/২০২০ খ্রিঃ

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে ২ দিনব্যাপী আন্তর্জাতিক কনফারেন্স

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উদযাপনকে সামনে রেখে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা বিভাগ এবং জন-ইতিহাস চর্চা কেন্দ্রের যৌথ আয়োজনে শুরু হয়েছে “Bangabandhu, His Times and Legacy: Society, Economy and State Formation in Retrospect” শীর্ষক ২ দিনব্যাপী আন্তর্জাতিক কনফারেন্স। ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখ সকাল ৯:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স কমপ্লেক্সে কনফারেন্সের উদ্বোধন করেন বাংলাদেশ সেক্টর কমান্ডার’স ফোরামের মহাসচিব বীর মুক্তিযোদ্ধা হারুন হাবিব। উদ্বোধনী বক্তব্যে হারুন হাবিব বলেন, কিছু নাম থাকে অবিদ্যমান। যাঁদের কৃতি অস্বীকার করার উপায় নেই। তেমনই একটি নাম হচ্ছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বঙ্গবন্ধু মানেই বাংলাদেশ। মুজিববর্ষ উদযাপনের প্রাক্কালে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা বিভাগ এবং জন-ইতিহাস চর্চা কেন্দ্রের যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ আন্তর্জাতিক কনফারেন্সে আমরা বঙ্গবন্ধুকে যেমন জানব, ঠিক তেমনই বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক চিন্তা চেতনা, রাষ্ট্রনীতি, পররাষ্ট্রনীতি, সমাজনীতি, রাজনৈতিক দর্শন, অর্থনৈতিক ভবনা, শিক্ষাভাবনা, গণমাধ্যম ভাবনা সম্পর্কেও অবগত হব। এসব বিষয়ে সঠিক ও বস্তুনিষ্ঠ চর্চা না থাকলে বঙ্গবন্ধুর আদর্শকে চিন্তা, চেতনা ও মননে ধারণ করা সম্ভব নয়। আজকের এই আন্তর্জাতিক কনফারেন্সের মাধ্যমে সীমিত পরিসরে হলেও বঙ্গবন্ধু ও তাঁর দর্শন সম্পর্কে সঠিকভাবে জানার সুযোগ থাকবে। যা আমাদের বঙ্গবন্ধুর জীবনাদর্শকে সঠিকভাবে ধারণ করে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ গড়তে সাহায্য করবে। কনফারেন্সে বাংলাদেশ, ভারত, কানাডা ও সুইডেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের তিনশত এর অধিক খ্যাতনামা অধ্যাপক, শিক্ষক, ইতিহাসবিদ, গবেষক, সাংবাদিক ও ডেলিগেটরা অংশগ্রহণ করেন। কনফারেন্সে বিভিন্ন সেশনে মোট ৭৫টি পেপার উপস্থাপন করা হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে কনফারেন্সে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর বঙ্গবন্ধু চেয়ার প্রফেসর ড. সৈয়দ আনোয়ার হোসেন, বাংলাদেশ সেক্টর কমান্ডার’স ফোরামের মহাসচিব বীর মুক্তিযোদ্ধা হারুন হাবিব, দৈনিক ভোরের কাগজের সম্পাদক শ্যামল দত্ত, জন-ইতিহাস চর্চা কেন্দ্রের প্রেসিডেন্ট প্রফেসর ড. মেজবাহ কামাল, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার ড. স্বপন কুমার বাল্লা, কানাডার ম্যাগগিল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. সুব্রত বসু, সুইডেনের লুন্ড ইউনিভার্সিটির ড. ইসা দেবী, জন-ইতিহাস চর্চা কেন্দ্রের তপন মাহামুদ লিমনসহ বরিশাল বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষকমন্ডলী এবং আমন্ত্রিত বিশিষ্ট অতিথিবৃন্দ। আন্তর্জাতিক এ কনফারেন্সের আবহায়ক হিসেবে দায়িত্ব পালন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা বিভাগের চেয়ারম্যান ড. মোঃ আবদুল বাতেন চৌধুরী। আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখ ২ দিনব্যাপী এ কনফারেন্সের সমাপনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বরিশাল সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস